

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৫১৪

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭৮. একই ফর্য নামায এক দিনে দুইবার পড়া যাবে না

بَابُ لَا يُصلِّي مَكْتُوبَةً فِي يَوْمٍ مَرَّتَيْنِ

## আরবী

حَدَّ ثَنَا أَحْمَدُ بْنُ إِسْحَاقَ بْنِ الْبُهْلُولِ ، ثَنَا أَبِي ، ثَنَا أَبُو أُسَامَةَ أَخْبَرَنِي حُسَيْنُ بْنُ ذَكْوَانَ أَخْبَرَنِي عَمْرُو بْنُ شُعَيْبٍ أَخْبَرَنِي سُلَيْمَانُ مَوْلَى مَيْمُونَةَ قَالَ : أَتَيْتُ عَلَى ابْنِ عُمَرَ ذَاتَ يَوْمٍ وَهُوَ جَالِسٌ بِالْبَلَاطِ وَالنَّاسُ فِي صَلَاةِ الْعَصْرِ فَقُلْتُ : أَبَا عَبْدِ الرَّحْمَنِ النَّاسُ فِي يَوْمٍ وَهُو جَالِسٌ بِالْبَلَاطِ وَالنَّاسُ فِي صَلَاةِ الْعَصْرِ فَقُلْتُ : أَبَا عَبْدِ الرَّحْمَنِ النَّاسُ فِي الصَّلَاةِ. قَالَ : إِنِّي قَدْ صَلَيْتُ ، إِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ يَقُولُ : " لَا تُصَلَّى صَلَاةً مَكْتُوبَةً فِي يَوْمٍ مَرَّتَيْنِ " . قَالَ الشَّيْخُ : تَفَرَّدَ بِهِ حُسَيْنُ الْمُعَلِّمُ عَمْرِو بْنِ شُعَيْبٍ وَاللَّهُ أَعْلَمُ

## বাংলা

১৫১৪(৩). আহমাদ ইবনে ইসহাক ইবনে বাহলুল (রহঃ) ... মায়মূনা (রাঃ)-এর মুক্তদাস সুলায়মান (রহঃ) বলেন, আমি একদিন ইবনে উমার (রাঃ)-র নিকট এলাম। তখন তিনি আল-বালাত নামক স্থানে বসা ছিলেন। আর লোকজন আসরের নামায পড়ছিল। আমি বললাম, হে আবু আবদুর রহমান! লোকজন নামায পড়ছে? তিনি বলেন, আমি ইতিপূর্বে নামায পড়েছি। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ একই ফর্য নামায একদিনে দুইবার পড়া যাবে না। এই হাদীস আমর ইবনে শুআইব (রহঃ) থেকে কেবল হুসাইন আল-মু'আল্লিমই বর্ণনা করেছেন। আল্লাহু সর্বাধিক জ্ঞাত।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সুলাইমান ইবনু ইয়াসার (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন